



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/চাপাইনবাবগঞ্জ-৭০/

৫৬৬

তারিখঃ ২২/০৫/২০১৮খ্রিঃ

বিষয়ঃ চাকুরীতে পুনর্বহাল করে বিধি মোতাবেক বেতন-ভাতা প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/চাপাইনবাবগঞ্জ-৭০/১০৬৪৯; তারিখঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৫০৯/২০১৫ এ প্রদত্ত আদেশ মোতাবেক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ১৯/০৪/২০১৭খ্রিঃ তারিখে উভয় পক্ষের শুনানীর পর মাদ্রাসার সুপার, ইবতেদায়ী প্রধান জনাব আব্দুল খালিক বিন আইনুদ্দিন ও ক্বারী শিক্ষক মোঃ আব্দুর রশিদকে যোগদান পত্র প্রদান করেন। কিন্তু মাদ্রাসার ইবতেদায়ী প্রধান জনাব আব্দুল খালিক বিন আইনুদ্দিন ও ক্বারী শিক্ষক মোঃ আব্দুর রশিদ ৩০/০৫/২০১৭খ্রিঃ তারিখে বোর্ডের নিকট এক দরখাস্তে “সভাপতি পূর্ণবহালের বিষয়ে অবগত নহেন মর্মে জানান এবং বেতন বিলে স্বাক্ষর করিতেছেন না” মর্মে অভিযোগ করেন।

অভিযোগের প্রেক্ষিতে উক্ত শিক্ষকদ্বয়কে পূর্ণবহাল করে বিধি মোতাবেক বেতন-ভাতা প্রদানের জন্য মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। কিন্তু বোর্ডের আদেশ অনুযায়ী সভাপতি ও সুপার অদ্যাবধি কোন পদক্ষেপ গ্রহণ করেননি মর্মে ইবতেদায়ী প্রধান জনাব আব্দুল খালিক বিন আইনুদ্দিন ও ক্বারী শিক্ষক মোঃ আব্দুর রশিদ পুনরায় অভিযোগ দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায় উক্ত শিক্ষকদ্বয়কে পূর্ণবহাল করে বিধি মোতাবেক বেতন-ভাতা প্রদান পূর্বক আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


22.05.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮


২২/৫/১৮

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি;

২) সুপার, জামবাড়ীয়া দারুস সুন্নাত নেছারিয়া দাখিল মাদ্রাসা
বড়গাছীহাট, ভোলাহাট, চাপাইনবাবগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/চাপাইনবাবগঞ্জ-৭০/

৫৬৬

তারিখঃ ২২/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাপাইনবাবগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, চাপাইনবাবগঞ্জ।
৩. জনাব আব্দুল খালিক বিন আইনুদ্দিন, ইবতেদায়ী প্রধান/ মোঃ আব্দুর রশিদ, ক্বারী শিক্ষক
জামবাড়ীয়া দারুস সুন্নাত নেছারিয়া দাখিল মাদ্রাসা, বড়গাছীহাট, ভোলাহাট, চাপাইনবাবগঞ্জ।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪